# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪০৫

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১২. দিয়াতে উটের সংখ্যা কত হবে

بَاب كَمْ الدِّيَةُ مِنْ الْإِبِلِ

আরবী

حَدَّثَنَا الْحَكَمُ بْنُ مُوسَى حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ سُلَيْمَانَ بْنِ دَاوُدَ حَدَّثَنِي الزُّهْرِيُّ عَنْ أَبِي بَكْرِ بْنِ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حَزْمٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَى أَهْلِ الْيَمَنِ وَكَانَ فِي كِتَابِهِ وَفِي الْأَنْفِ إِذَا أُوعِبَ جَدْعُهُ الدِّيَةُ وَفِي اللِّسَانِ الدِّيَةُ وَفِي الشَّفَتَيْنِ الدِّيَةُ وَفِي الْبَيْضَتَيْنِ الدِّيَةُ وَفِي الذَّكَرِ الدِّيَةُ وَفِي الصُّلْبِ الدِّيَةُ وَفِي الْعَيْنَيْنِ الدِّيَةُ وَفِي الرِّجْلِ الْوَاحِدَةِ نِصْفُ الدِّيَةِ وَفِي الْمَأْمُومَةِ ثُلُثُ الدِّيَةِ وَفِي الْجَائِفَةِ ثُلُثُ الدِّيَةِ وَفِي الْمُنَقِّلَةِ خَمْسَ عَشَرَةَ مِنْ الْإِبِلِ

বাংলা

২৪০৫. আমর ইবনু হাযম তার পিতা হতে, তার দাদা হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়ামানবাসীদের নিকট একটি পত্র লিখেছিলেন, আর তাঁর চিঠিতে ছিল: যদি কারো নাক পুরোপুরি কাটা যায়, তবে এর ফলে সে পূর্ণ দিয়াত পাবে; আবার জিহবা কাটা গেলে সে পূর্ণ দিয়াত পাবে; আবার যার উভয় ঠোঁট কাটা যাবে, সেও পূর্ণ দিয়াত পাবে; যার অণ্ডকোষদ্বয় কাটা যাবে সেও পূর্ণ দিয়াত পাবে; যার পুরুষাঙ্গ কাটা যাবে সেও পূর্ণ দিয়াত পাবে, পিঠের (কিংবা মেরুদণ্ড বা কোমরের) আঘাতেও সে পূর্ণ দিয়াত পাবে; যার উভয় চোখ নষ্ট হবে, সেও পূর্ণ দিয়াত পাবে। আর কারো এক পা কাটা গেলে, সে অর্ধেক দিয়াত পাবে। আর যদি কারো মাথার গভীরে পৌঁছে যায়, এমন যখম হয়, তবে তাকে এজন্য দিয়াতের এক-তৃতীয়াংশ প্রদান করা হবে; এবং পেটের গভীর আঘাতের জন্য দিয়াতের এক-তৃতীয়াংশ প্রদান করা হবে; আর হাড় বেরিয়ে পড়ে, এমন আঘাতের জন্য পনেরটি উট (দিয়াত হিসেবে) পাবে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ।

তাখরীজ: আমরা এ হাদীসটি পরিপূর্ণ ভাবে দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬৫৫৯ ও মাওয়ারিদুয যাম'আন নং ৭৯৩ এ। আরও দেখুন, পূর্বের টীকাদু'টি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবু বকর ইবন মুহাম্মাদ ইবন আমর ইবন হাযম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82688

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন